

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

স্মারক নং-৩২.০০.০০০০.০০০.০১৮.১১.০০৩২.২৬.৮১১

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩
২৩ সেপ্টেম্বর ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://mowca.teletalk.com.bd) ওয়েব সাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো অবেদন গ্রহণ করা হবে না:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতন স্কেল: ২৪,০০০-৫৮,০০০/- | ০৪<br>(চার) টি | **ক.** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>**খ.** কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>**গ.** সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজি ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>**ঘ.** কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ;<br>**ঙ.** কম্পিউটার এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে এবং<br>**চ.** কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>বেতন স্কেল: ২১,৯০০-৫২,৯০০/- | ০৪<br>(চার) টি | **ক.** কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>**খ.** কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দ;<br>**গ.** কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>**ঘ.** কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ২০,০০০-৪৮,৪০০/- | ০৮<br>(আট) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

০২। **অনলাইনে আবেদন করার ক্ষেত্রে প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১/০৯/২০২৬ খ্রি. এ বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। তবে, ক্রমিক-১ ও ২ নং এর উল্লিখিত পদের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. আবেদনকারীকে তার অর্জিত সঠিক (সর্বশেষ) শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত/বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Status-এ স্ব স্ব Option Select করতে হবে। অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি (NOC) পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঘ. চাকরির আবেদন ফর্মে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীকালে এ-সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ. মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র এবং সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। এছাড়া, পূরণকৃত Application Form-সহ জাতীয় পরিচয়পত্র এবং সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

জ. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদ পূরণে 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধনী ২০২০)' অনুসরণ করা হবে।

ঝ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঞ. নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩। **আবেদনপত্র পূরণসংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://mowca.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়। ২৭/০৯/২০২৬ সকাল ০৯.০০ টা

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭/১০/২০২৬খ্রি. সন্ধ্যা ৬.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy-তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১ ও ২ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা, ৩ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS: MOWCA**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOWCA ABCDEF

Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee Type MOWCA <Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS: MOWCA**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOWCA YES xxxxxxxxxx

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MOWCA Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://mowca.teletalk.com.bd অথবা মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট https://mowca.gov.bd- এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষাসংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী পরবর্তীকালে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্যসংবলিত প্রবেশপত্র Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:

i. **User ID জানা থাকলে:**

**MOWCA**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: MOWCA HELP USER ABCDEF & send to 16222.

ii. **PIN Number জানা থাকলে:**

**MOWCA**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: MOWCA HELP PIN 12345678 & send to 16222.

ঝ. পত্রিকা ছাড়াও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট https://mowca.gov.bd-এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। এছাড়া, QR Code স্ক্যান-এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নাম্বারে ফোন করে তথ্য জানা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল-এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk-এ মেসেজ-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ-এর Subject- Organization Name: mowca, Post Name: Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

০৪। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। প্রার্থীকে মৌখিক পরীক্ষায় নিম্নবর্ণিত সনদ/প্রমাণপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত কপি দাখিল করতে হবে:

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন পৌরসভা সিটি কর্পোরেশন ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভা এবং সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ. কোটা দাবির সমর্থনে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রশাসক, পৌরসভা এবং সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ৯ম গ্রেড এবং তদুর্ধ্ব গেজেটেড কর্মকর্তা প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ. জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত অনুলিপি।

চ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

০৫। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে-কোনো বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৬। **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৭। উপরোক্ত শর্তাবলির যে কোনো অংশে সংশোধন, সংযোজনসহ যে কোনো আবেদনপত্র গ্রহণ/ বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**বি: দ্র: "একই দিন, একই সময়ে পরীক্ষার সম্ভাব্যতা আছে বিধায় একাধিক পদে আবেদন করার ক্ষেত্রে নিরুৎসাহিত করা হলো"**

২৩/০৯/২০২৬

**(মোহাম্মদ ইফতেখার হোসেন)**
যুগ্মসচিব (প্রশাসন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ/ পদোন্নতি/ উচ্চতর গ্রেড প্রদান কমিটি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের টেলিটক পোর্টালের QR Code

স্মারক নং-৩২.০০.০০০০.০০০.০১৮.১১.০০৩২.২৬.৬১১/১(১৪)

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩৩ / ২৩ সেপ্টেম্বর ২০২৬

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, আগারগাঁও, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
০৫। যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬। উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। মন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯। সি. সহ. সচিব/ সহ. সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসাররের কার্যালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১১। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। নোটিশ বোর্ড/অফিস কপি।

২৮.০৯.২০২৬
(দেবী চন্দ)
উপসচিব (প্রশাসন-১)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ/ পদোন্নতি/ উচ্চতর গ্রেড প্রদান কমিটি